২০১৩

# স্বাস্থ্য সহকারীর ট্যাবলেট / পিসি প্রশিক্ষণ সহায়িকা



ম্যানেজমেন্ট ইনফরমেশন সিসটেম (এমআইএস)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

**সম্পাদকঃ**
**ডাঃ আবু সাদাত মোঃ সায়েম**, ম্যানেজার মনিটরিং এন্ড ইভালুয়েশন, আইসিডিডিআরবি, ঢাকা-১২১২

**সহ-সম্পাদকঃ**
**নাবিলা খান**, ক্রিয়েটিভ রাইটার, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর।

**সার্বিক তত্ত্বাবধানঃ**
**অধ্যাপক আবুল কালাম আজাদ**, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

**বিশেষ কৃতজ্ঞতাঃ**
**অধ্যাপক ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ**, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা- ১২১২


# সূচী


| | |
|---|---|
| আপনার ট্যাবলেট পিসির পরিচিতি- ........................................................................................ | ৩ |
| কী-সমূহ | ৩ |
| শুরু করা | ৪ |
| কিভাবে আপনার ট্যাবলেট পিসিটি চালাবেন/বন্ধ করবেন | ৪ |
| চার্জারের মাধ্যমে ট্যাবলেটে চার্জ প্রদানের নিয়ম | ৫ |
| কিভাবে আপনার ট্যাবলেটটি কম্পিউটারে সংযোগ করবেন | ৬ |
| অ্যাপ্লিকেশন ইন্সটল করা | ৮ |
| অ্যাপ্লিকেশন প্রশাসন/অ্যাপ্লিকেশন মুছে ফেলা | ৮ |
| নতুন অ্যাকাউন্ট যুক্ত করা | ৮ |
| হোম স্ক্রিন এবং অ্যাপ্লিকেশন লিস্ট | ১০ |
| ভাষা এবং কীবোর্ড | ১২ |
| কিভাবে নন-মার্কেট অ্যাপ্লিকেশন ইন্সটল করবেন | ১২ |
| মিউজিক/সঙ্গীত | ১৩ |
| ফটো (Photo) | ১৩ |
| ভিডিও (Video) | ১৩ |
| ওয়াই-ফাই সেটিংস | ১৪ |
| ব্রাউজার | ১৫ |
| জিমেইল | ১৫ |
| মানচিত্র | ১৬ |
| যেভাবে ক্যালেন্ডার পরিচালনা করবেন | ১৭ |
| রেকর্ডার | ১৭ |
| ক্যামেরা | ১৮ |
| থ্রি-জি | ১৮ |
| স্বাস্থ্য সহকারীর রিপোর্ট তৈরীর নিয়ম.................................................................................. | ১৯ |
| গর্ভবতী মায়ের সেবা তথ্য পূরণের নিয়ম | ২২ |
| মাতৃ মৃত্যু ও শিশু মৃত্যু তথ্য রেকর্ডের নিয়ম | ২৮ |
| মাসিক স্বাস্থ্য সহকারীর রিপোর্ট | ২৯ |
| গর্ভবতী মা এবং শিশুর ফলো-আপ কিভাবে করবে | ৩২ |

## আপনার ট্যাবলেট পিসির পরিচিতি

### কী-সমূহ

পাওয়ার-কী: আপনার ট্যাবলেট পিসিটি চালু বা বন্ধ করার জন্য পাওয়ার-কী চাপুন। পিসিটি স্লিপ-মোডে পাঠাতে পাওয়ার-কী অল্প সময়ের জন্য চেপে ধরে রাখুন। এছাড়া আপনি যে কোন কী চেপে আপনার পিসি চালু করতে পারেন।




**হোম-কী:** যে কোন জায়গা থেকে হোম স্ক্রিনে ফেরত যাওয়ার জন্য হোম কী চাপুন। আপনার পিসির অ্যাপ্লিকেশন উইন্ডোটি বিভিন্ন দিকে ঘোরাতে হোম কী চেপে ধরে রাখুন।

**মেনু-কী:** মেনু কী চেপে আপনি বর্তমান স্ক্রিনে কাজের তালিকা খুলতে পারেন। বর্তমান স্ক্রিনের শর্টকার্ট মেনু দেখতে এটি চেপে ধরে রাখুন। মেনু কী চেপে ধরে রাখার সময় স্ক্রিনের শর্টকার্ট জ্বলতে থাকে।

**ব্যাক-কী:** ধরুন, আপনার আগের স্ক্রিনে ফেরত যাওয়া আবশ্যক। এক্ষেত্রে, আগের স্ক্রিনে ফেরত যেতে ব্যাক কী চাপুন। এছাড়াও কোন মেনু বা ডায়লগ বক্স বন্ধ করে দিতেও এর ব্যবহার করতে পারেন।

**শুরু করা:**
প্রথমেই আপনি যখন আপনার ট্যাবলেট পিসি চালু করবেন, আপনাকে স্ক্রিনে স্বাগতম জানানো হবে।

যদি আপনি অন্য কোন ভাষা ব্যবহার করতে চান, মেনুতে স্পর্শ করুন।

চালিয়ে যেতে, স্টার্ট (Start) বাটনটি স্পর্শ করুন এবং স্ক্রিনে চলে আসা নির্দেশাবলী অনুসরন করুন।

সেটআপ ঠিক করতে আপনাকে ধারাবাহিকভাবে কিছু স্ক্রিন দেখানো হবে। অনুরোধ জানানো হলে, আপনার গুগল অ্যাকাউন্ট-এর ই-মেইল অ্যাড্রেস এবং পাসওয়ার্ডটি দ্বারা সাইন-ইন করুন। যদি আপনার গুগল অ্যাকাউন্ট না থাকে তবে একটি অ্যাকাউন্ট অতিসত্বর তৈরি করুন।


**কিভাবে আপনার ট্যাবলেট পিসিটি চালাবেন/বন্ধ করবেন:**
আপনার ট্যাবলেট পিসি চালু করার জন্য পাওয়ার বাটনটি (Power button) চেপে ধরে রাখুন যতক্ষন না স্ক্রিনটি জ্বলে ওঠে। বন্ধ করার ক্ষেত্রেও একই ভাবে পাওয়ার বাটনটি (Power button) চেপে ধরুন, যতক্ষন পর্যন্ত পিসিটির বন্ধ হওয়া নিশ্চিত করতে নিচের বক্সটির মত একটি ডায়লগ-বক্স আসে।




এরপর Ok স্পর্শ করে আপনি পিসিটি বন্ধ করতে পারবেন।

**ব্যাটারি:**
ব্যাটারির অবস্থা/কিভাবে আপনার ট্যাবলেট পিসিটি চার্জ করবেন-

আপনার ট্যাবলেটটি ব্যাটারিটি কি অবস্থায় আছে, অর্থাৎ এর মধ্যে কতটুকু চার্জ অবশিষ্ট আছে তা স্ক্রিনের নিচের দিকের বাম কোণে দেখতে পাবেন। ট্যাবলেট পিসিটি চার্জ করতে ব্যাটারি ডিসি চার্জারটি এর সাথে সংযোগ দিতে হবে। চার্জারের মাধ্যমে আপনার ট্যাবলেট পিসিটি চার্জ করতে পারেন।



**চার্জারের মাধ্যমে ট্যাবলেটে চার্জ প্রদানের নিয়মঃ**


১. আপনার এই ডিভাইসটির পাওয়ার অ্যাডাপ্টার পোর্টে পাওয়ার অ্যাডাপ্টারটি প্লাগ-ইন করুন। ব্যাটারি চার্জ LED জ্বলে উঠবে। যখন LED সবুজ রঙ দেখাবে তখন আপনি বুঝবেন যে চার্জ সম্পূর্ণ হয়েছে।

২. ব্যাটারি চার্জ হবার সময় আপনি ট্যাবলেট পিসিতে কাজ চালিয়ে যেতে পারেন।
তবে যখন আপনি ট্যাবলেট চালু রেখে চার্জ দেবেন তখন চার্জ হতে একটু বেশি সময় লাগবে।

**ব্যাটারির অবস্থা কিভাবে দেখবেনঃ**

সেটিংস (Settings) স্পর্শ করুন। এবার অ্যাডভান্সড সেটিংস (Advanced Settings) স্পর্শ করুন। এতে ব্যাটারির অবস্থা বুঝতে পারবেন।

**নিম্নের চিত্রে আপনি দেখছেন একটি ট্যাবলেট পিসির বিভিন্ন অংশ-**





| | | | |
|---|---|---|---|
| 1 | Back button | 2 | Home button |
| 3 | Menu button | 4 | Webcam |
| 5 | Back button | 6 | Volume up / down |
| 7 | Power on/off | 8 | Head phone |
| 9 | USB 2.0 Host | 10 | Power adapter input |
| 11 | Mini HDMI | 12 | Micro SD slot |

**এসডি কার্ড:**

আপনার এই ডিভাইসটিতে একটি মেমোরি কার্ড দেয়া আছে, যেখানে আপনি মাল্টিমিডিয়া ফাইল, ভিডিও ক্লিপ, সঙ্গীত ফাইল ও ছবির ফাইল সংরক্ষণ করতে পারবেন।

**কিভাবে আপনার ট্যাবলেটটি কম্পিউটারে সংযোগ করবেন:**

USB-এর মাধ্যমে আপনার পিসি ট্যাবলেট সংযোগ করার সময়, ট্যাবলেট এর অভ্যন্তরীণ মেমোরিতে কোন ড্রাইভার বা ঢোকানো মাইক্রোএসডি কার্ড প্রয়োজন হয়না। যদি আপনি USB সংযুক্তি নিশ্চিত করতে পর্দার নীচের অংশে সিস্টেম তথ্য বারে Notification ক্লিক করুন। এখন 'Select to copy files to/from your computer' নির্বাচন করুন। আপনার পিসি যদি ডিভাইস ড্রাইভার জানতে চায়, তাহলে তা ট্যাবলেট পিসিটি ডিবাগ মোড ব্যবহার করার জন্য হতে পারে। এই পরিবর্তন করার জন্য, 'সেটিংস' মেনুতে যান এবং 'ডেভেলোপার অপশন' আইটেম খুলুন। ডান অংশে আপনি 'USB debugging' (UN) check করতে পারেন।




**মেমোরি কার্ডে নিম্নোক্ত উপায়ে ফাইল কপি করুন:**

আপনার ট্যাবলেট পিসিতে সহজেই কম্পিউটার থেকে ফাইল স্থানান্তর করতে পারেন:

ফাইলগুলো ট্যাবলেটে দেখতে নির্ধারিত অ্যাপ্লিকেশন চালু করে দিন।

১. ইউএসবি কেবল ব্যবহার করে কম্পিউটার সাথে ট্যাবলেট পিসিটির সংযোগ প্রদান করুন।

২. হোমস্ক্রিনে মেনু কী চাপুন।

৩. এরপর নোটিফিকেশন স্পর্শ করে USB connected স্পর্শ করুন।

৪. এবার Turn on USB storage স্পর্শ করুন।

৫. এরপর আপনার কম্পিউটারের Removable disk folder এ যান।

৬. যে ফাইলগুলো আপনি কম্পিউটার থেকে ট্যাবলেটে নিতে চান সেগুলো নির্বাচন করুন।

৭. এবার Removable disk folder এ ফাইলগুলো কপি করে পেস্ট করুন।

**মেমোরি কার্ড থেকে ফাইল মুছবেন কিভাবে:**

১. যে ফাইলগুলো মুছতে চান সেগুলো নির্বাচন করুন।

২. ফাইল স্পর্শ করুন।


৩. Delete স্পর্শ করুন।

**কিভাবে মেমোরি স্পেস দেখবেন-**
Settings স্পর্শ করুন, এবার SD Card & Device Storage স্পর্শ করে মেমোরি স্পেস চেক করতে পারবেন।

**অ্যাপ্লিকেশন ইন্সটল করা:**
আপনি অ্যাপস শপ (Apps shop) খোলার মাধ্যমে নিজস্ব অ্যাপ্লিকেশন ইন্সটল করে নিতে পারবেন। এই বাটনটি আপনি পাবেন অ্যাপ ড্রয়ারে (App drawer)। অ্যাপস শপ আছে স্ক্রিনের উপরের ডানদিকের কোণে। খেয়াল রাখবেন সব অ্যাপ্লিকেশন আপনার ট্যাবলেটে কাজ নাও করতে পারে। কিছু অ্যাপ্স এর ডিজাইন হল মোবাইল ফোনের জন্য তৈরী।


**অ্যাপ্লিকেশন প্রশাসক/অ্যাপ্লিকেশন মুছে ফেলা:**
সেটিংস (Settings) মেনুতে 'Apps' আইটেমটি ইন্সটলকৃত অ্যাপস-সমূহের চিত্র প্রদান করবে। প্রদর্শিত অ্যাপস তালিকায় চারটি ট্যাব আছে। একটি অ্যাপ্লিকেশন নির্বাচন করে এর বিশদ তথ্য দেখাতে বলুন। এগুলো হচ্ছে 'Force stop', 'Uninstall', 'Clear data' এবং 'Move to SD card'।

'Clear cache' এবং 'Clear defaults' যখন আপনি নির্দিষ্ট অ্যাপ্লিকেশন সংক্রান্ত সমস্যার সম্মুখীন হবেন তখন ব্যবহৃত হতে পারে। তবে এর ফলে অন্যান্য জমাকৃত তথ্য মুছে যেতে পারে। যেমন-আপনার সামাজিক মিডিয়া অ্যাপ্লিকেশন সমুহে পুনরায় লগইন করতে হবে-





**নতুন অ্যাকাউন্ট যুক্ত করা:**
আপনার ট্যাবলেট ব্যবহার করার সবচেয়ে ভালো উপায় আপনার গুগল/জিমেইল (Google / Gmail) অ্যাকাউন্ট-এর সংযোগ করার মাধ্যমে কাজ করা। সেটিংস (Settings) মেনুটি খুলুন, অ্যাকাউন্ট ও সিংক (Accounts & sync) নির্বাচন করুন। কোন নতুন অ্যাকাউন্ট উপস্থিত না থাকলে ডান দিকের ভাগে কিছুই দেখাবে না। এক্ষেত্রে উপরের ডানদিকের কোন থেকে 'Add account' নির্বাচন করুন।

এছাড়াও আপনি POP3, IMAP বা বিনিময় ইমেইল প্রথা চালু করতে পারেন "ইমেইল" (Email) নির্বাচন করে। একটি পপআপ-এ 'করপোরেট' অংশ একটি 'মাইক্রোসফট এক্সচেঞ্জ' লিঙ্ক সেটআপ করবে। আপনার সিস্টেম অথবা নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটর আপনাকে সার্ভার তথ্য এবং লগইন তথ্যাদি সরবরাহ করতে পারে। প্রদর্শিত পর্দায় অ্যাকাউন্ট লিঙ্ক প্রক্রিয়া সম্পন্ন ধাপগুলি অনুসরণ করুন।






**হোম স্ক্রিন এবং অ্যাপ্লিকেশন লিস্ট:**

আপনার আগ্রহের অনেকাংশ জুড়েই নিশ্চয়ই থাকবে এই ডেস্কটপ অংশটি। এখানে আপনি আপনার প্রিয় অ্যাপস বা উইজেট এর শর্টকাট স্থাপন করতে সক্ষম হবেন। পূর্বে ইনস্টলকৃত অনেক আইকন এবং উইজেট আপনার ডেস্কটপ ট্যাবলেট পর্দায় পেতে পারেন। আপনার হোমস্ক্রিনে আপনি বিভিন্ন অ্যাপ্লিকেশন, শর্টকাটসমূহ এবং বিভিন্ন উইজেট কাস্টমাইজ করে নিতে পারেন।




অ্যাপ্লিকেশন লিষ্ট খুলতে, হোম স্ক্রিনে যান।

**নোটিফিকেশন এবং কালেকশন আইকনসমূহ:**

আপনার স্ক্রিনের উপরের দিকে আছে স্ট্যাটাস বার। উপরের বামদিকে বিভিন্ন আইকন দেখা যাবে। আপনি নতুন মেসেজ, ক্যালেন্ডার ইভেন্ট, অ্যালার্ম এবং অন্যান্য আইকন দেখতে পারেন। স্ট্যাটাস বারের ডানদিকে কানেকশন স্ট্যাটাস দেখতে পারবেন।

**নোটিফিকেশন পড়ুন:**

আপনি যখন স্ট্যাটাস বারে একটি নোটিফিকেশন দেখবেন, বার-টি স্পর্শ করুন এবং আপনার আঙ্গুলটি স্লাইড করে নিচে নামান যাতে নোটিফিকেশন এর তালিকা খুলবে।

নোটিফিকেশন খুলতে আইটেমগুলো স্পর্শ করুন।
নোটিফিকেশন মুছে ফেলতে বা জায়গাটি খালি করতে নোটিফিকেশন স্ক্রিনের উপর দিকে Clear স্পর্শ করুন।
নোটিফিকেশন উইন্ডোটি বন্ধ করতে আপনার আঙ্গুলটি উপরের দিকে স্লাইড করে নিয়ে যান।

## এইচডিএমএল এবং হোস্ট (HDML & Host)

এইচডিএমএল (HDML) আউটপুট কিভাবে ব্যবহার করবেন-
১. Settings স্পর্শ করুন, এবার Display স্পর্শ করুন।
২. এইচডিএমএল (HDML) স্পর্শ করে আউটপুট মোড নির্বাচন করুন।

৩. Back চাপুন, এবার Sound স্পর্শ করুন।
৪. HDML Switch স্পর্শ করে এর শব্দ/Sound চালু করুন।
৫. আপনার ট্যাবলেট পিসিটি এবার এইচডিএমএল কেবল দ্বারা সংযুক্ত করুন।

**ইউএসবি** (USB Host):
এর মাধ্যমে আপনি ইউএসবি-মাউজ, ইউএসবি-কীবোর্ড, থ্রি-জি মডেম সংযুক্ত করতে পারবেন।

**ভাষা এবং কীবোর্ড:**
ভাষা (Language):
আপনার ট্যাবলেট পিসিতে নিম্নোক্ত উপায়ে ভাষা ঠিক করতে পারেন। এজন্যে-
১. Settings স্পর্শ করুন, এরপর Language & Keyboard স্পর্শ করুন।
২. Select Language স্পর্শ করুন।
৩. এবার আপনি যে ভাষাটি চান সেটি নির্বাচন করুন।

**কীবোর্ড:**
আপনার ট্যাবলেট পিসিতে নিম্নোক্ত উপায়ে কীবোর্ড ঠিক করে নিন।
১. Settings স্পর্শ করুন, এরপর Language & Keyboard স্পর্শ করুন।
২. এবার আপনার পছন্দের কীবোর্ড ঠিক করে নিন।
এছাড়াও আপনি অন্য কীবোর্ড ইন্সটল করে নিতে পারেন।

**অ্যাপ্লিকেশন ব্যবস্থাপনা:**

**কিভাবে নন-মার্কেট অ্যাপ্লিকেশন ইন্সটল করবেন:**
১. Settings স্পর্শ করুন।
২. এরপর অ্যাপ্লিকেশন (Applications) স্পর্শ করুন।
৩. এবার Unknown Resources স্পর্শ করুন।

**কিভাবে অ্যাপ্লিকেশনসমূহ আন-ইন্সটল করবেন:**
১. Settings স্পর্শ করুন।
২. এরপর অ্যাপ্লিকেশন (Applications) স্পর্শ করুন।
৩. Manage Application স্পর্শ করুন।

৪. যে অ্যাপ্লিকেশনটি আন-ইন্সটল করতে চান সেটি স্পর্শ করুন।
৫. এবার Uninstall স্পর্শ করুন।
৬. এবার পরপর দুইবার Ok স্পর্শ করুন।

**মিউজিক/সঙ্গীত:**

আপনি চারভাগে আপনার মিউজিক ফাইলগুলো সাজাতে পারেন-Artists, Albums, Songs এবং Playlists । বিভিন্ন বিভাগের মধ্যে একটি বিভাগ নির্বাচন করে তা থেকে আপনি পছন্দের গানটি খুঁজে নিতে পারবেন। যেমন, যদি আপনি Artists নির্বাচন করেন, তবে সেখানে দেখবেন মিউজিক ফাইলগুলো A-Z অক্ষরক্রমে সাজানো আছে।

আপনার ট্যাবলেট পিসি নিম্নোক্ত ফরম্যাটের মিউজিক ফাইল সাপোর্ট করবে-MP3, WMA, OGG, WAV ও MIDI ইত্যাদি।

**কিভাবে মিউজিক ফাইল খুলবেন এবং প্লে করবেন:**

১. হোম স্ক্রিনে Application বাটনটি চাপুন।
২. এবার, Music স্পর্শ করুন, এরপর, Songs স্পর্শ করুন। এছাড়াও আপনি Artists, Albums, স্পর্শ করতে পারেন।
৩. এবার, Song বা গানটি, যেটি শুনতে চান সেটি স্পর্শ করুন।

**ফটো (Photo) বা ছবি:**

আপনার ট্যাবলেট পিসি নিম্নোক্ত ফরম্যাটের ছবির ফাইল সাপোর্ট করবে-JPG, BMP, PNG, GIFI ইত্যাদি। আপনি এই ফাইলগুলো এসডি কার্ড মেমোরিতে রাখতে পারবেন।

**কিভাবে ছবি স্লাইডশো (Slideshow)-তে দেখবেন:**

১. ছবি কপি করে এসডি কার্ডে নিয়ে যান।
২. হোম স্ক্রিনে গিয়ে অ্যাপ্লিকেশন Application বাটন চাপুন।
৩. Gallery স্পর্শ করুন।
৪. ছবির ফোল্ডারটি স্পর্শ করুন।
৫. এবার Slideshow স্পর্শ করুন।

**ভিডিও (Video):**

আপনার ট্যাবলেট পিসি নিম্নোক্ত ফরম্যাটের ভিডিও ফাইল সাপোর্ট করবে-RMVB, RM, AVI, MP4,WMV, 3GP, MPGI ইত্যাদি।
আপনি এই ফইলগুলো এসডি কার্ড মেমোরিতে রাখতে পারবেন।
১. ভিডিও কপি করে এসডি কার্ডে নিয়ে যান।

২. হোম স্ক্রিনে গিয়ে অ্যাপ্লিকেশন (Application) বাটন চাপুন।
৩. UTplay স্পর্শ করুন।
৪. ভিডিও স্পর্শ করুন।

**ওয়াই-ফাই সেটিংস:**

স্ক্রিনের উপরের ডান দিক হতে অ্যাপড্রয়ারটি খুলুন। এবার 'Settings' অপশনটি নির্বাচন করে অ্যানড্রয়েড সেটিংস মেনু খুলুন। ডানভাগে প্রদর্শিত অংশ থেকে 'Wi-Fi' নির্বাচিত করুন। এই সুইচটির মাধ্যমে আপনি দ্রুত 'Wi-Fi' অন/অফ করতে পারবেন।

'ওয়াইফাই' কন্টেন্ট প্যানেলে আপনি পুর্বে ব্যবহারকৃত ওয়াইফাই নেটওয়ার্ক এবং ট্যাবলেট দ্বারা সনাক্তকৃত ওয়াইফাই নেটওয়ার্কের দেখতে পারেন। নতুন নেটওয়ার্ক এর খোঁজ করতে 'Scan' (স্ক্যান) চাপুন যা আছে ডান দিকের উপরের কোণে। 'ADD NETWORK' এর মাধ্যমে আপনি ম্যানুয়ালি নেটওয়ার্ক যুক্ত করতে পারেন।

১. Settings স্পর্শ করুন, এবার Wireless & Network স্পর্শ করুন।
২. Wi-Fi স্পর্শ করে এটি চালু করুন। Wi-Fi Settings স্পর্শ করুন।
৩. আপনার ট্যাবলেট পিসি Wi-Fi নেটওয়ার্ক এর জন্য স্ক্যান করা শুরু করবে।
৪. আপনি এবার যে নেটওয়ার্কে যুক্ত হতে চান সেটি স্পর্শ করুন।
৫. এবার Connect স্পর্শ করুন। কিছু নেটওয়ার্কে পাসওয়ার্ড দেয়ার প্রয়োজন হতে পারে।



Wi-Fi Settings স্ক্রিনে, মেনু কী চেপে Advanced স্পর্শ করুন। এবার আর কিছু সেটিংস পাবেন।

**ব্রাউজারঃ**
আপনার হোমপেজে যান। ব্রাউজার সবসময়ই আপনার ব্যবহৃত শেষ ওয়েবপেজটি খুলবে। হোমপেজ পরিবর্তন করতে নিম্নোক্ত উপায় অনুসরন করুন-
১. ব্রাউজার (Browser) স্পর্শ করুন।
২. মেনু কী (Menu key) চাপুন।
৩. More স্পর্শ করুন, এরপর Settings স্পর্শ করুন, Home page ঠিক করুন।
৪. সাইট অ্যাড্রেস টাইপ করুন, Ok স্পর্শ করুন।

**কিভাবে ওয়েব পেইজ দেখবেনঃ**
১. Browser স্পর্শ করুন
২. মেনু-কী চাপুন।
৩. Address bar স্পর্শ করুন।
৪. ওয়েব অ্যাড্রেস টাইপ করুন, এবার Go স্পর্শ করুন।

**জিমেইলঃ**
আপনার গুগল অ্যাকাউন্ট-এর ই-মেইল অ্যাড্রেস এবং পাসওয়ার্ডটি দ্বারা সাইন-ইন করুন। যদি আপনার গুগল অ্যাকাউন্ট না থাকে তবে একটি অ্যাকাউন্ট অতিসত্তর তৈরী করুন।

**একটি ই-মেইল অ্যাড্রেস আপনাকে নিম্নোক্ত সবগুলো কাজেই সাহায্য করবে।**

জিমেইল
ইউ টিউব
গুগল অ্যাপস
অ্যাড-ওয়ার্ডস
যে কোন গুগল পণ্য
আপনি যদি একবার গুগল অ্যাকাউন্ট দ্বারা সাইন-ইন করেন তবে সেই অ্যাকাউন্ট এর সকল ডাটা, যোগাযোগের তথ্য, ক্যালেন্ডার সূচী ও অন্যান্য ডাটা আপনার ট্যালেটে প্রবেশ করবে। যদি আপনার একের অধিক গুগল অ্যাকাউন্ট থাকে পরবর্তীতে আপনি সেটি যোগ করে নিতে পারবেন।

আপনার জিমেইল ইনবক্সে যত মেসেজ আছে তা ট্যাবলেটে দেখতে পাবেন। যেগুলো এখনও পড়া হয়নি, সেগুলো দেখুন ডিসপ্লে-তে বোল্ড অক্ষরে প্রকাশ পাচ্ছে। আপনি যদি; কোন মেসেজ-এ লেবেল যেমন, তারকা চিহ্ন যুক্ত করতে চান তার অপশন দেয়া আছে।

**যেভাবে নতুন মেসেজ পড়বেনঃ**
১. হোম স্ক্রিনে যান, জিমেইল স্পর্শ করুন, ইনবক্স খুলুন।
২. যে মেসেজটি পড়বেন নির্বাচন করুন।

**যেভাবে নতুন মেসেজ কিভাবে লিখবেনঃ**

১. হোম স্ক্রিনে যান, জিমেইল স্পর্শ করুন, ইনবক্স খুলুন।

২. মেনু কী চাপুন।

৩. Compose স্পর্শ করুন।

৪. To ফিল্ডে ই-মেইল অ্যাড্রেস যুক্ত করুন।

৫. মেসেজের বিষয় (Subject) এবং মেসেজ (Message) লিখুন।

৬. ছবি অ্যাটাচ করতে মেনু-কী চাপুন এবং নির্বাচিত ছবিটি অ্যাটাচ করুন।

৭. Send চাপুন।

এই কাজগুলো করতে অবশ্যই নেটওয়ার্ক সংযোগ থাকতে হবে।

**মানচিত্রঃ**

১. হোম স্ক্রিনে Application বাটন স্পর্শ করুন।

২. Maps স্পর্শ করুন।

৩. মেনু-কী চাপুন।

৪. Search স্পর্শ করুন।

৫. একটি অ্যাড্রেস টাইপ করুন। এবার Go স্পর্শ করুন।

৬. এবার দেখুন মানচিত্রে কি প্রদর্শিত হচ্ছে।

**যেভাবে দিক-নির্দেশনা পাবেনঃ**

১. হোম স্ক্রিনে, Application বাটন স্পর্শ করুন।

২. Maps স্পর্শ করুন।

৩. মেনু-কী চাপুন। এবার Directions স্পর্শ করুন।

৪. From-এই ফিল্ডে আপনার Starting address অথবা শুরুর ঠিকানা এবং To ফিল্ডে Destination address লিখুন। এবার Go স্পর্শ করুন।

**যেভাবে ম্যাপ মোড (Map mode) পরিবর্তন করবেনঃ**

মানচিত্রে আপনি আপনার এলাকার মানচিত্র বা স্যাটেলাইট এলাকা দেখাতে পারে। এজন্যে-

১. হোমস্ক্রিনে, Application বাটন স্পর্শ করুন।

২. Maps স্পর্শ করুন।
৩. এরপর Map mode স্পর্শ করুন।
৪. এবার Satellite, Traffic বা Street view স্পর্শ করুন।
এই কাজগুলোর জন্য নেটওয়ার্ক সংযোগ প্রয়োজন।

**যেভাবে ক্যালেন্ডার পরিচালনা করবেন:**

ক্যালেন্ডার অ্যাপ্লিকেশন আপনার সময়সূচী দেখতে এবং সম্পাদন করতে ব্যবহার হয়। আপনার ট্যাবলেট পিসি প্রথমে সেট আপ করার সময়, আপনি এটি একটি বিদ্যমান Google অ্যাকাউন্ট (Gmail এর মতো) ব্যবহার করতে পারেন, অথবা আপনি একটি নতুন Google অ্যাকাউন্ট তৈরি করতে পারেন।

প্রথমবার আপনার ট্যাবলেট পিসি ক্যালেন্ডার অ্যাপ্লিকেশন খোলার সময়ে এটি ওয়েবে যে Google অ্যাকাউন্ট তা থেকে কোন বিদ্যমান ক্যালেন্ডার ইভেন্ট প্রদর্শন করে। যেহেতু, আপনার কোনো মোবাইল ডিভাইস বা ওয়েব ব্রাউজার থেকে ঘটনা সম্পাদনা করার ক্ষমতা আছে, তাই আপনার Google অ্যাকাউন্ট/ক্যালেন্ডারে এক্সেস আছে যে সকল ডিভাইস জুড়ে স্বয়ংক্রিয়ভাবে সিঙ্ক করা হয়।

আপনার ক্যালেন্ডার প্রদর্শন করতে 'হোম' বা 'অ্যাপ' পর্দায় স্পর্শ করুন।

**রেকর্ডার:**

এর মাধ্যমে রেকর্ডিং এবং প্লেব্যাক করতে পারবেন।
১. হোম স্ক্রিনে, Application বাটন স্পর্শ করুন।
২. Sound recorder স্পর্শ করুন।
৩. যখন রেকর্ড করা শুরু করবেন, Touch স্পর্শ করুন। এবং রেকর্ডিং শেষ হলে Stop স্পর্শ করুন।
৪. Use this recording স্পর্শ করুন।
৫. এরপর হোম স্ক্রিনে, Application বাটন স্পর্শ করুন।
৬. Music স্পর্শ করুন।
৭. এবার Playlists, touch my recordings স্পর্শ করুন।
৮. এবার রেকডিং চালু করুন।

**ক্যামেরা:**

কিভাবে ক্যামেরায় ভিডিও তুলবেন এবং তা প্লে করবেন:

১. হোম স্ক্রিনে, Application বাটন স্পর্শ করুন।

২. এখান থেকে Camera স্পর্শ করুন।

৩. এবার বাটন টেনে Shooting mode-এ নিয়ে যান।

৪. Shooting স্পর্শ করুন। শেষ হলে stop স্পর্শ করুন।

৫. এরপর আবার হোম স্ক্রিনে, Application বাটন স্পর্শ করুন।

৬. Gallery স্পর্শ করুন। সদ্য ধারনকৃত ভিডিওটি খুজে বের করুন।

৭. এবার ভিডিওটি কোন ভিডিও প্লেয়ার-এর মাধ্যমে চালিয়ে দেখুন।

**কিভাবে ক্যামেরায় ছবি তুলবেন:**

১. হোম স্ক্রিনে, Application বাটন স্পর্শ করুন।

২. এখান থেকে Camera স্পর্শ করুন।

৩. এবার বাটন টেনে Photo mode-এ নিয়ে যান।

৪. Shooting স্পর্শ করুন।

**থ্রি-জি:**

থ্রি-জি সেটিংস ইন্টারফেস:

এটি থ্রি-জি মোবাইল ভার্সন সাপোর্ট করে, SIM কার্ড প্লাগ-ইন করা যায়, মোবাইল যোগাযোগের ফাংশনগুলো ব্যবহার করতে পারে, যেমন: কল, মেসেজ, ডাটা আদানপ্রদান, ইন্টারনেট কার্যকারিতা ইত্যাদি।

**সেটিংস:**

১. SIM কার্ড স্লটে SIM কার্ড ঢোকান।

২. মূল সিসটেম ইন্টারফেসে পাওয়ার ম্যানেজমেন্ট উইন্ডো কম্পোনেন্ট-এর মাধ্যমে থ্রি-জি পাওয়ার সাপ্লাই চালু করুন। তা নিম্নরূপ:

"Press the main interface more than 3 seconds> widget> power control"

৩. এবার থ্রি-জি সিগন্যাল দেখানো পর্যন্ত অপেক্ষা করুন।

**বি:দ্র:** SIM কার্ড খুলে নেবার আগে অবশ্যই লক্ষ করুন থ্রি-জি মডিউল পাওয়ার বন্ধ করা আছে কিনা, অন্যথায় আপনার SIM কার্ড এতে নষ্ট হবার আশঙ্কা আছে।

**মোবাইল নেটওয়ার্কিং সেটিংসঃ**

এটি নিম্নরুপে করুনঃ

Enter " Settings> wireless and network> mobile network settings"

**ডায়ালিং এবং কল ইন্টারফেসঃ**

"Program interface" ক্লিক করুন।

এই অ্যাপ্লিকেশনের মাধ্যমে আপনি ভয়েস কমিউনিকেশন, কল রেকর্ড চেক এবং ফোন বুক ব্যবস্থাপনা ইত্যাদি কাজ করতে পারবেন।

## স্বাস্থ্য সহকারীর রিপোর্ট তৈরির নিয়মঃ

একটি ট্যাবলেটের মাধ্যমে একজন স্বাস্থ্য সহকারীকে নিচের তথ্যগুলো অবশ্যই প্রেরন করতে হবে।

১) গর্ভবতীর ও ৫ বছরের নিচে শিশুর রেজিস্ট্রেশান

২) স্বাস্থ্য সহকারীর মাসিক সেবার তথ্য

৩) স্বাস্থ্য শিক্ষার তথ্য

৪) গর্ভবতী ও শিশু মৃত্যুর তথ্য


**ডিএইচআইএস ২-ডাটা এন্ট্রি সহায়িকা**

ডিএইচআইএস ২ একটি সমন্বিত ডাটা এন্ট্রি সিস্টেম যা ডিজিএইচআইএস'এর এমআইএস সেল কর্তৃক প্রস্তুতকৃত এবং এমআইএস সেল এই সিস্টেমের যাবতীয় রক্ষনাবেক্ষন করে থাকে। এই সফটওয়্যারে তথ্য সংগ্রহ, সংরক্ষন, তথ্যসমূহ এন্ট্রি করা যায়। স্ব-স্ব প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক ফরমের ডাটা এলিমেন্টগুলো DHIS2 সফটওয়্যারে এন্ট্রি করা যায় এবং মূল ফরমের মতই ডাটা এন্ট্রি স্ক্রিন তৈরী করা যায়। এই সিস্টেমে


প্রবেশ করার জন্য আপনাকে প্রথমেই আপনার ইন্টারনেট ব্রাউজার ওপেন করতে হবে। ইন্টারনেট ব্রাউজারের অ্যাড্রেস বার'এ আপনি নিম্নের ঠিকানা লিখুনঃ www.dghs.gov.bd




এই অ্যাড্রেস লিখার পর আপনি নিচের স্ক্রিনটি দেখতে পাবেন। ওয়েবসাইট-এর নিচে স্ক্রল করলে তথ্য ভান্ডার বা Database login এ ক্লিক করুন। এবার নিচের পেজ থেকে DHIS ক্লিক করন।




ক্লিক করার সাথে সাথে নিচের পেজটি আসবে।





ডিএইচআইএস ২ এর 'হোম' স্ক্রিনে আপনি 'লগইন' করার জন্য দুইটি খালি ঘর দেখতে পাচ্ছেন; যথা: (১) ইউজার নেম, (২) পাসওয়ার্ড। পূর্বেই আপনাকে এই দুইটির মান সরবরাহ করা হয়েছে। আপনি যথাযথ ঘরে ইউজার নেম ও পাসওয়ার্ড দিন এবং 'লগইন' বাটনে ক্লিক করুন। সঠিক তথ্যাবলী লিখা হলে আপনি পরবর্তী স্ক্রিনে যেতে পারবেন, অন্যথায় ক্লীয়ার বাটনে ক্লিক করে পুনরায় 'ইউজার নেম' ও 'পাসওয়ার্ড' লিখুন ও 'লগইন'

বাটন ক্লিক করুন। নিচের স্ক্রিন লক্ষ্য করুন দেখুন 'পাসওয়ার্ড' এর ঘরে লেখার পরিবর্তে ডট দেখা যাচ্ছে এটি সফটওয়্যার দ্বারা নিয়ন্ত্রিত আপনার গোপনীয়তা রক্ষা করার জন্য। লগইন করার সাথে সাথে নিচের পেজটি দেখতে পাবেন।

ইউজার নেম ও পাসওয়ার্ড সঠিকভাবে দেয়ার ফলে আপনি মূল সফটওয়্যার এ প্রবেশ করতে পারবেন।

এইবার পরবর্তী স্ক্রিনটি লক্ষ্য করুনঃ





উপরে প্রদত্ত স্ক্রিনটি মূলত: ডাটা এন্ট্রি শুরু করার জন্য আপনাকে সাহায্য করবে। স্ক্রিনটির উপরে ডান পাশে আপনি দেখতে পাচ্ছেন (১) মেইনটেনেন্স, (২) সার্ভিসেস, (৩) হেল্প ও (৪) লগ আউট। উপরের স্ক্রিনটি লক্ষ করুন:


**গর্ভবতী মায়ের সেবা তথ্য পূরণের নিয়ম:**

'সার্ভিসেস' এ ক্লিক করে আপনি "ইনডিভিজুয়াল রেকর্ড" (Individual Record) লেখাটায় ক্লিক কবুন, তাহলে নীচের স্ক্রিনটি দেখতে পাবেন।






উপরের স্ক্রিন আসার পর পারসন (Person) এ ক্লিক করুন এবং নীচের স্ক্রিনটি দেখতে পাবেন। পারসন এ ক্লিক করলে আপনি আপনার প্রতিষ্ঠানের নাম পাশে দেখতে পাবেন।




এবার, অ্যাড নিউ (Add new) বাটন এ ক্লিক করুন। ক্লিক করলে নীচের ফর্মটি দেখতে পাবেন।




এবার উপরের ফর্মের তথ্যগুলো পূরণ করুন। প্রতিটি তথ্য ইংরেজিতে পূরন করতে হবে। লক্ষ্য করুন তারকা চিহ্নিত তথ্যগুলো পূরণ না করলে রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে না।

Full name* : এই ঘরে ব্যক্তির পূর্ণ নাম লিখুন (জন্ম নিবন্ধন বা জাতীয় পরিচয় পত্র থাকলে একই নামের বানান লিখতে হবে)

Gender *: জেন্ডার Male/Female সিলেক্ট করুন।

Date of birth*: জন্ম নিবন্ধন বা জাতীয় পরিচয় পত্র থাকলে Verified select করুন এবং পাশে  বাটন এ ক্লিক করুন এবং জন্মের তারিখ সিলেক্ট করুন। যেসব ব্যক্তির ক্ষেত্রে আই ডি কার্ড থাকবে না কিন্তু জন্মের তারিখ বলতে পারেন, তাদের ক্ষেত্রে

Declared সিলেক্ট করুন এবং তারিখটি সিলেক্ট করুন। যারা শুধু বয়স বলতে পারবেন তাদের ক্ষেত্রে Approximate সিলেক্ট করে পাশের ঘরে সংখ্যায় বয়স লিখুন।

Mobile phone number: ব্যক্তির মোবাইল নাম্বার লিখুন। শিশুদের ক্ষেত্রে তাদের বাবা বা মায়ের মোবাইল নম্বর লিখুন। যদি নিজস্ব মোবাইল নাম্বার না থাকে তাহলে যে নাম্বার ফোন করলে তাকে পাওয়া যাবে সেই নম্বরটি লিখুন।

Has guardian: যদি অভিভাবক থাকে তাহলে চেক বক্স এ ক্লিক দিন।

Check duplicate: আপনি Check duplicate এই বাটনে ক্লিক করে ঐ ব্যক্তি আগে রেজিস্ট্রেশন করেছে কিনা সেটি চেক করতে পারবেন।

Birth Registration: এখানে ব্যক্তির Birth Registration (যদি থাকে) লিখুন

National ID (NID): এখানে ব্যক্তির ভোটার আইডি নম্বর লিখুন।

Health ID: পরবর্তিতে যখন Health ID চালু করা হবে তখন এই নম্বর লিখতে হবে।

Father Name: এখানে পিতার নাম লিখুন।

Mother Name: এখানে মাতার নাম লিখুন।

Husband Name: মহিলাদের ক্ষেত্রে স্বামীর নাম লিখতে হবে।

Gaurdians Name: পিতা মাতার নাম না থাকলে অভিভাবকের নাম লিখুন।

Mohollah/street No./ Para: প্রযোজ্য ক্ষেত্রে মহল্লা/রোড নম্বর/পাড়ার নাম লিখুন।

Village: এখানে গ্রামের নাম লিখুন।

Ward No: ব্যক্তি যে ওয়ার্ড এর বাসিন্দা সেই ওয়ার্ড এর নম্বর লিখুন ( অবশ্যই নতুন ওয়ার্ড লিখবেন)

Union Name: ব্যক্তি যে ইউনিয়নে থাকেন তার নাম লিখুন।

LMP date: গর্ভবতী মায়ের ক্ষেত্রে শেষ মাসিকের তারিখ লিখুন।

অনলাইন তথ্যগুলো পুরন এর পর অ্যাড (Add) বাটনে ক্লিক করুন। এর পর নিচের স্ক্রিনটি আসবে।





নিচের স্ক্রিনে আপনাকে ঐ ব্যক্তিকে যে কোন একটি প্রোগ্রাম এ অন্তর্ভুক্ত করতে হবে। যদি ব্যক্তি শিশু হয় তাহলে তাকে Child Health Program অন্তর্ভুক্ত করুন। যদি ব্যক্তি মহিলা এবং মাতৃত্ব সেবা নেন, তাহলে Maternal Health Program এ অন্তর্ভুক্ত করুন।




মৃত ব্যক্তির ক্ষেত্রে "Cause of death" সিলেক্ট করুন।

Maternal Health Program সিলেক্ট করলে নীচের স্ক্রিনটি আসবে।




এখানে রোগীর রেজিস্ট্রেশন এ তারিখ এবং তার সেবার তারিখ সিলেক্ট করতে হবে। পাশের চিহ্নিত বাটনে ক্লিক করলে একটি ক্যালেন্ডার আসবে এবং সেখান থেকে ঠিক তারিখ সিলেক্ট করুন এবং এনরোল (Enroll) এ ক্লিক করুন।


## মাতৃ মৃত্যু ও শিশু মৃত্যু তথ্য রেকর্ডের নিয়ম

কমিউনিটি ক্লিনিকের তার নির্ধারিত এলাকার প্রত্যেকটি গর্ভবতী মা এবং ৫ বছরের নিচে সকল মৃত্যু রেজিস্ট্রেশন করতে হবে। মৃত্যুর কারন জানা থাকলে সেই কারণ লিখতে হবে অথবা সম্ভাব্য কারণ লেখা যাবে।


রেজিস্টারকৃত রোগীর ক্ষেত্রে Service এ গিয়ে Individual Record এ ক্লিক করুন। এরপর Person এ ক্লিক করুন।




এরপর যে মা বা শিশুটি সেবা নিচ্ছেন তাকে চিহ্নিত করুন এবং নিচের চিত্রে চিহ্নিত অংশে ক্লিক করুন।




এরপর নিচের চিত্রে চিহ্নিত অংশে Cause of death সিলেক্ট করুন। তারপর মৃত্যুর তারিখ, স্থান এবং সম্ভাব্য মৃত্যুর কারণ সিলেক্ট করুন। নিচের চিত্রে তা দেখানো হলো।




যে শিশু বা মায়ের রেজিস্ট্রেশন আগে হয়নি তাদের ক্ষেত্রে Person এ ক্লিক করে Add new তে ক্লিক করুন। এরপর রেজিস্ট্রেশন করে Cause of death সিলেক্ট করুন।


**মাসিক স্বাস্থ্য সহকারীর রিপোর্টিঃ**

স্বাস্থ্য সহকারীর মাসিক রিপোর্ট প্রেরন করার জন্য প্রথমে নিচে চিহ্নিত Aggregate Reporting এ টাচ করুন। তাহলে দেখতে পাবেন আপনার জন্য নির্ধারিত ফর্ম। সেখানে ক্লিক করলেই চলে আসবে ফর্মটি। মাসের শেষে ফর্মটি পুরন করে সাবমিট ক্লিক করুন।

স্বাস্থ্য সহকারীর জন্য ২টি ফর্ম এ প্রতি মাসে রিপোর্ট প্রেরন করতে হবে।

১) মাসিক ডেলিভারি রোগ ও মৃত্যু তথ্য ফর্ম (Monthy delivery, diseage and death from)
২) মাসিক স্বাস্থ্য শিক্ষার তথ্য (Monthly BCC report)

ফর্মে রিপোর্ট এন্ট্রি করার জন্য প্রথমে Service থেকে Data entry তে ক্লিক করুন। এরপর ডাটা সেট সিলেক্ট করুন। নিচে Period এর ঘরে যে মাসের রিপোর্ট প্রেরণ করতে চান তা সিলেক্ট করুন। অতঃপর নিচের ফর্ম চলে আসবে।





নিচে ফর্ম দুইটির নমুনা দেয়া হল। ফর্ম পুরনের পর কমপ্লিট বাটনে ক্লিক করুন।

| Directorate General of Health Services | | | |
|---|---|---|---|
| Monthly Report ( Health Assistant) | | | |
| No. of pregnant women | | New | |
| Antenatal care | | Visit 1 | |
| | | Visit 2 | |
| | | Visit 3 | |
| | | Visit 4 | |
| Received IFA during pregnancy | | | |
| Delivery | At home | Doctor | |
| | | Paramedic | |
| | | Unskilled Person | |
| | At Facility | Doctor | |
| | | Paramedic | |
| Total Live Birth | | | |
| No. of live births with low birth weight | | | |
| Total Stillbirth | | | |
| Postnatal care within 2 days after delivery | | | |
| Total Death | | 0-7 days | |
| | | 8-28 days | |
| | | 29 days - <1 year | |
| | | 1 - <5 years | |
| | | Maternal death | |
| | | All other death | |
| Comoemical Disease | Diarrhoea | Male | |
| | | Female | |
| | Tuberculosis | Male | |
| | | Female | |
| | Leprosy | Male | |
| | | Female | |
| | Fileriasis | Male | |
| | | Female | |
| | Kala Azar | Male | |
| | | Female | |
| | Other | Male | |
| | | Female | |


| Directorate General of Health Services | | | | |
|---|---|---|---|---|
| Monthly Report on BCC Activities | | | | |
| **No. of BCC activities planned** | **No. BCC activities undertaken** | **No. of participants** | | |
| | | Male | Female | Total |
| | | | | |

**গর্ভবতী মা এবং শিশুর ফলো-আপ কিভাবে করবেঃ**

সকল মা এবং শিশুর রেজিস্ট্রেশান শেষ হয়ে গেলে ডিএইচআইএস-২ এর মাধ্যমে খুব সহজেই কোন কোন মাকে ফলো-আপ ভিজিট করবেন বা করতে হবে তার একটি তালিকা এই সিস্টেমে দেখা যায়। এটি দেখার জন্য প্রথমে Individual record থেকে Visit schedule এ ক্লিক করুন।





এরপর আপনি Program সিলেক্ট করুন (নিচের পেজ এ দেখুন)। যেসকল মা রেজিস্টার হয়েছে কিন্তু কমিউনিটি ক্লিনিকে ভিজিটে যাওয়ার কথা ছিল কিন্তু যায়নি তাদের নাম দেখতে Status অপশনে Overdue সিলেক্ট করুন।



ভবিষ্যতে যেসকল মাকে ভিজিট করতে হবে তা দেখতে Status এ Scheduled in future সিলেক্ট করুন। এরপরের ঘরে Show events এখানে All সিলেক্ট করে Show events list বাটনে ক্লিক করুন।

আপনি Use calender ব্যবহার করে নির্দিষ্ট তারিখ সিলেক্ট করতে পারবেন। নিচে বিভিন্ন রঙ দেখে আপনি বুঝতে পারবেন কোন মাকে আপনার ভিজিট করতে হবে এবং কোন মাকে ফলো-আপ করতে হবে।

যেমন-নিচের চিত্রে মা হাসিনা খাতুনের কমিউনিটি ক্লিনিকে যাবার কথা ছিল তিনি যাননি। তাকে অবশ্যই ভিজিট করতে হবে। সবুজ চিহ্নিত মা সালমা এর ভিজিট সম্পুর্ন। হলুদ চিহ্নিত মা জেসমিন আখতার আগামী মাসে ভিজিট করবেন।




স্বাস্থ্য শিক্ষা প্রদান:

স্বাস্থ্য সহকারী ট্যাবলেট ব্যবহার করে গ্রাম পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা দিতে পারবেন। স্বাস্থ্য শিক্ষা দেবার আগে আপনাকে স্বাস্থ্য শিক্ষা সম্পর্কিত কিছু ভিডিও আপনাকে আগের থেকে ডাউনলোড করে রাখতে হবে। ভিডিও ডাউনলোড করার জন্য পরবর্তীতে আপনাকে লিঙ্ক প্রদান করা হবে।

বিদ্রঃ আপনার ট্যাবলেট পিসির ক্ষেত্রে "ক্লিক" এর পরিবর্তে স্পর্শ করে আপনি যথাযথ নিয়মে কাজ সম্পাদন করতে পারবেন।

icddr,b